



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ ৩৪৬/২, ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ।

ফোনঃ ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)

www.mymensingheducationboard.gov.bd

নং- মশি/বিদ্যা/জা/২০১৯/২০৯৯

তারিখঃ ০৬/০১/২০২০ খ্রিঃ

বিষয়ঃ কারণ দর্শানো জবাব প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ (i) জনাব মোঃ মোজাফফর হোসেন, মাননীয় সংসদ সদস্য, জামালপুর-৫ মহোদয়ের একখানা ডিও পত্র।

(ii) অত্র বোর্ডের তদন্ত প্রতিবেদন।

(ii) প্রধান শিক্ষকের ১৫/১২/২০১৯ খ্রিঃ তারিখের একখানা অভিযোগ পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্র মূলে জামালপুর জেলার সদর উপজেলাধীন “বাংলাদেশ উচ্চ বিদ্যালয়” এর ম্যানেজিং কমিটির সভাপতিসহ অভিভাবক সদস্যদের বিরুদ্ধে বিভিন্ন প্রকার আর্থিক অনিয়ম ও মাদক সেবনসহ বিভিন্ন দুর্নীতির অভিযোগের বিষয়ে অত্র বোর্ড কর্তৃক তদন্ত করা হয়। তদন্ত নিম্নরূপ অভিযোগের সত্যতা প্রাথমিকভাবে প্রতীয়মান হয়েছেঃ

ক) কমিটির সভাপতি অভিভাবক সদস্যদের সহযোগিতায় বিভিন্ন সময় প্রধান শিক্ষকের নিকট হতে চাপ সৃষ্টি করে চেক স্বাক্ষর করিয়ে নিয়ে বিদ্যালয়ের অর্থ বিনষ্ট করে থাকেন। তদন্ত দেখা যায় রূপালী ব্যাংক, জামালপুর শাখার চেক নং- ৩১৩০২৭২ তারিখ ০৫/০৫/২১০৯ খ্রিঃ টাকার পরিমাণ ২০,০০০/- (বিশ হাজার) কমিটির সম্মানীবাগদ কোঅপ্ট সদস্য জনাব ফকরুল আলম লিটু এর নামে চেক ইস্যু করিয়ে ০৭/০৫/২০১৯ খ্রিঃ তারিখে টাকা উত্তোলন করা হয় এবং ন্যাশনাল ব্যাংক লিঃ জামালপুর শাখার চেক নং- ৭৯৫৮৬২১ তারিখঃ ১৯/০৭/২০১৮ খ্রিঃ টাকার পরিমাণ ৩০,০০০/- (ত্রিশ হাজার) বিবিধ খরচের নামে কমিটির কোঅপ্ট সদস্য জনাব ফকরুল আলম লিটু এর নামে চেক ইস্যু করানো হয় ও একইদিন টাকা উত্তোলন করেন কমিটির সভাপতি জনাব খালেদুজ্জামান প্রদীপ।

খ) কমিটির কোঅপ্ট সদস্য জনাব ফকরুল আলম লিটু ও অভিভাবক সদস্য জনাব মোঃ মাসুদ রানা মাদক সেবনের দায়ে যথাক্রমে মোবাইল কোর্ট মামলা নং- ৭৭(৩)১৯ তারিখঃ ২৩/০৯/২০১৯ ও মামলা নং- ৭৮(৩)১৯ তারিখঃ ২৩/০৯/২০১৯ এ ০৬ মাসের বিনাশ্রম কারাদণ্ডপ্রাপ্ত হয়। কিন্তু দুরভিসন্ধিমূলকভাবে সভাপতি তাদের সাজা প্রাপ্তির বিষয়টি গোপন রাখে এবং তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা নেয়নি।

গ) বিদ্যালয়ের রেজুলেশন বহি, নোটিশ বহি ও পত্র ইস্যু রেজিস্টার প্রধান শিক্ষকের নিকট হতে জোরপূর্বক সভাপতি নিজের কাছে রেখে দেয়।

ঘ) কমিটির অনুমোদন সাপেক্ষে বিদ্যালয়ের মাঠ সাপ্তাহিক বাজার বসানোর জন্য ইজারা দেওয়ার ফলে বিদ্যালয়ের পরিবেশ নষ্ট ও শ্রেণি পাঠদান বিঘ্নিত হচ্ছ বলে প্রতীয়মান হয়।

এমতাবস্থায়, উল্লিখিত বিধি বহির্ভূত কর্মকাণ্ড পরিচালনার জন্য ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত প্রজ্ঞাপন এস.আর.ও নং-৯৯-আইন/২০০৯ এর ধারা ৩৮(১) অনুসারে কেন কমিটি প্রেরণ করা হবে না বা সভাপতির সদস্যপদ বাতিল করা হবে না তা এ পত্র ইস্যুর তারিখ হতে ০৫ (পাঁচ) কর্ম দিবসের মধ্যে সুস্পষ্ট কারণ ব্যাখ্যা করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

ড. মোঃ দিদারুল ইসলাম

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ।

প্রাপকঃ সভাপতি, ম্যানেজিং কমিটি

বাংলাদেশ উচ্চ বিদ্যালয় (EIN: 109877)

উপজেলাঃ সদর, জেলাঃ জামালপুর।

মেমো নং- ২০৯৯ (৫)

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

তারিখঃ ০৬/০১/২০২০ খ্রিঃ

- ১। উপজেলা নির্বাহী অফিসার, সদর, জামালপুর।
- ২। জেলা শিক্ষা অফিসার, জামালপুর।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, জামালপুর।
- ৪। প্রধান শিক্ষক, বাংলাদেশ উচ্চ বিদ্যালয়, সদর, জামালপুর
- ৫। অফিস কপি।

*M Islam*

06.01.2020

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ।

*A*